৩৩

দৈনিক ইত্তেফাক

তারিখ 18 AUG 1993
পৃষ্ঠা ... ১ ... কলাম ... ৮ ...

## পরীক্ষা পিছানোর আন্দোলন হইতে বিরত থাকার আহ্বান

ইত্তেফাক রিপোর্ট ॥ ঢাকা বিশ্ববিদ্যালয়ের ভিসি প্রফেসর এমাজউদ্দীন আহমদ পরীক্ষা পিছানোর আন্দোলন হইতে ছাত্র-ছাত্রীদেরকে বিরত থাকার আহ্বান

(২য় পৃঃ ৪-এর কঃ দ্রঃ)

## পরীক্ষা পিছানোর

(১ম পৃঃ পর)

জানাইয়াছেন। গতকাল মঙ্গলবার টিএসসিতে বিভিন্ন বিভাগের নবীন ছাত্র-ছাত্রীদের উদ্দেশে বক্তৃতাকালে ভিসি এই আহ্বান জানান। ছাত্র নির্দেশনা দফতর আয়োজিত এই পরিচিতি অনুষ্ঠানে জীব বিজ্ঞান অনুষদের ডীন প্রফেসর শাহাদত আলী, মৃত্তিকা বিজ্ঞান বিভাগের চেয়ারম্যান প্রফেসর সৈয়দ ফজলে এলাহী, উদ্ভিদ বিজ্ঞান বিভাগের চেয়ারম্যান এ, জেড, এম নওশের আলী খান, ফার্মেসী বিভাগের চেয়ারম্যান ডঃ মোঃ আমজাদ হোসেন, মনোবিজ্ঞান বিভাগের চেয়ারম্যান ডঃ আনিসুর রহমান, প্রফেসর মুহম্মদ শফি, প্রফেসর সৈয়দ রাজিয়া বেগম প্রমুখ বক্তৃতা করেন। পরামর্শ দান দফতরের পরিচালক মেহেরুন্নেসা চৌধুরী অনুষ্ঠানে সভাপতিত্ব করেন।